


কোভিড-১৯ ও ডেঙ্গু পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানের আবাসিক হোস্টেল খোলা ও পরিচালনা
সংক্রান্ত নির্দেশনা

- ১। সকল সমাবেশ স্থানসমূহ (ক্যাফেটেরিয়া, ডাইনিং, টিভি/স্পোর্টস রুম ইত্যাদি) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। রান্নাঘর থেকে রুমসমূহে সরাসরি খাবার সরবরাহের ব্যবস্থা করতে হবে;
- ২। একাধিক শিক্ষার্থী একই বিছানা ব্যবহার করা থেকে বিরত থাকবে;
- ৩। একসাথে নামাজ, প্রার্থনা, সমাবেশ ইত্যাদি ক্ষেত্রে নির্দিষ্ট নির্দেশনা মেনে চলবে;
- ৪। আবাসিক শিক্ষার্থীরা হোস্টেলে ওঠার পূর্বে কোভিড আরটি-পিসিআর পরীক্ষা করে ফলাফল নেগেটিভ হলে হোস্টেলে আসবে;
- ৫। হোস্টেলে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলতে হবে;
- ৬। হোস্টেল, বাথরুম, টয়লেট, বেসিন, ড্রেইন ইত্যাদি প্রতিদিন জীবাণুমুক্ত করে রাখতে হবে;
- ৭। বাথরুম, ফ্লোর শুকনো থাকবে;
- ৮। সবাই ব্যক্তিগত সাবান, তোয়ালে ইত্যাদি ব্যবহার করবে এবং ব্যক্তিগত লকার ও অন্যান্য জিনিসপত্র পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখবে;
- ৯। ডাইনিং রুমে টেবিল, গ্লাস, প্লেট, চামচ, জগ ইত্যাদি সবসময় পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখতে হবে;
- ১০। হোস্টেলে খাবার পানি ও খাদ্য সামগ্রী নিরাপদ রাখতে হবে;
- ১১। দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে;
- ১২। ডেঙ্গু সংক্রমণ ও এডিস মশা বিস্তার রোধে স্বাস্থ্য অধিদপ্তরের গাইড লাইন অনুসরণ করতে হবে;
- ১৩। একজনের ব্যক্তিগত ব্যবহার সামগ্রী/শিখন সামগ্রী ইত্যাদি অন্যজন ব্যবহার করতে পারবে না;
- ১৪। আবাসিক শিক্ষার্থী ও দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ব্যতীত অন্য কেউ হোস্টেলে অবস্থান বা যাতায়াত করতে পারবে না।


৭.৭.২০২০
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)